**বারবার জিজ্ঞাসা করা প্রশ্নাবলী: উত্তর না পাওয়ার কারণে ফলো-আপ**

**উত্তর না পাওয়ার কারণে ফলো-আপ (Census Nonresponse Follow-up, NRFU বা “নার-ফু”) কী?**

- এখনও পর্যন্ত মানুষ অনলাইনে, ডাকযোগে বা ফোনের মাধ্যমে জনগণনা সম্পূর্ণ করেনি
- যখন জনগণনা গ্রহণকারীরা সেই সব বাড়িতে যান যারা এখনও জনগণনা সম্পূর্ণ করেনি, তখন এটাকে উত্তর না পাওয়ার কারণে ফলো-আপ (নারফু) বলা হয়।

**উত্তর না পাওয়ার কারণে ফলো-আপ কখন শুরু হয় এবং তা কখন শেষ হয়?**

- নিউ ইয়র্ক সিটিতে 6 আগস্ট থেকেই উত্তর না পাওয়ার কারণে ফলো-আপ শুরু হবে।
- বেশির ভাগ কাজ 11 আগস্ট 2020 তারিখে শুরু হবে।
- বর্তমানে কাজটি শেষ হবে সেপ্টেম্বর এর ৩০ তারিখে।

**এই বছরে নারফু এত দেরিতে শুরু হচ্ছে কেন?**

- COVID-19 এর কারণে ইউএস সেন্সাস ব্যুরোকে এই প্রক্রিয়াটি দেরিতে করতে হয়েছিল। নারফু এর সূচনা মে মাসের মাঝখান থেকে আগস্টের মাঝখানে সরানো হয়েছিল।
- সময়কালের শেষে আপনি যখন অনলাইনে, ফোনের মাধ্যমে বা ডাকযোগে উত্তর দিতে পারেন, সেটাও 31 জুলাই থেকে 30 সেপ্টেম্বর 2020 এ সম্প্রসারিত করা হয়েছে।

**আমি কি নারফু শুরু হওয়ার পরেও জনগণনা সম্পূর্ণ করতে পারি?**

- হ্যাঁ, নারফু এর সময় আপনি নিজে My2020Census.gov এ অনলাইনে, 1-844-330-2020 নম্বরে ফোনের মাধ্যমে, বা ডাকযোগে জনগণনার উত্তর দিতে পারেন।
- কার্যত, সমস্ত নিউ ইয়র্কবাসীর এখনই নিজে উত্তর দেওয়া উচিত।

**কোনো জনগণনা গ্রহণকারী আমার বাড়িতে আসুক তা আমি যদি না চাই তাহলে কী হবে?**

- আপনি যদি না চান যে একজন জনগণনা গ্রহণকারী আপনার দরজায় টোকা দিন, তাহলে শীঘ্রই অনলাইনে, ফোনের মাধ্যমে বা ডাকযোগে জনগণনা সম্পূর্ণ করুন।
- আপনি যদি সম্পূর্ণরূপে ও সঠিকভাবে নিজে উত্তর দেন, তাহলে নারফু এর সময় সম্ভবত কেউ আপনার দরজায় টোকা দেবে না।

**COVID-19 এর কারণে সশরীরে কারও সঙ্গে কথা বলার ব্যাপারে আমার উদ্বেগ থাকলে কী হবে?**

- আপনি যদি সশরীরে সাক্ষাৎকারটি পরিচালনা করতে না চান, তাহলে ফোনের মাধ্যমে এটি সম্পূর্ণ করার জন্য আপনি জনগণনা গ্রহণকারীকে আপনার ফোন নম্বর দিতে পারেন।
- জনগণনার সকল উত্তর সম্পূর্ণরূপে গোপনীয় এবং ফেডারেল আইন দ্বারা সুরক্ষিত।
- জনগণনা গ্রহণকারী এবং সেন্সাস ব্যুরো আপনার উত্তরগুলি কাউকে দিতে পারে না - অভিবাসন বিভাগকেও নয়; পুলিশকেও নয়; আপনার বাড়িওয়ালাকেও নয়; এমনকি নিউ ইয়র্ক শহরের স্থানীয় সরকারকেও নয়।

**জনগণনা গ্রহণকারীরা কীভাবে সুনিশ্চিত করবেন যে তারা কমিউনিটিকে COVID-19 এর ঝুঁকির মুখে ফেলছেন না?**

- পাড়ায় কাজ শুরু করার আগে সব জনগণনা গ্রহণকারীকে সামাজিক দূরত্ব বজায় রাখা এবং অন্যান্য স্বাস্থ্য ও সুরক্ষা বিধির বিষয়ে প্রশিক্ষণ নিতে হবে। সুনির্দিষ্টভাবে, জনগণনা গ্রহণকারীদের নিম্নলিখিত প্রশিক্ষণ দেওয়া হবে:
  - সবসময় মাস্ক পরা
  - কখনোই আপনার বাড়িতে প্রবেশ না করা
  - সাক্ষাৎকার পরিচালনা করার সময় 6 ফুট দূরে থাকা
  - সুস্থ স্বাস্থ্যবিধির অভ্যাস অনুসরণ করা, যেমন ঘন ঘন হাত ধোয়া
  - তাদের সবাইকে হ্যান্ড স্যানিটাইজার দেওয়া হবে
  - তারা অসুস্থ বোধ করলে, কাজ থেকে দূরে বাড়িতে থাকবেন

**জনগণনা গ্রহণকারী যদি আমার পরিবারের ভাষায় কথা না বলেন তাহলে কী হবে?**

- জনগণনা গ্রহণকারী যদি আপনার ভাষায় কথা না বলেন, তাহলে আপনার ভাষায় কথা বলেন এমন অন্য একজন জনগণনা গ্রহণকারীর সাক্ষাতের জন্য আপনি অনুরোধ করতে পারেন।
- আপনার পরিবারের ভাষা সনাক্ত করতে সাহায্য করার জন্য জনগণনা গ্রহণকারীদের কাছে কিছু উপাদান থাকবে।
  - উদাহরণস্বরূপ, আপনি কোন ভাষায় কথা বলেন তা জনগণনা গ্রহণকারীকে বলার জন্য আপনি একটি কার্ডে একটি ভাষার দিকে নির্দেশ করতে পারবেন।
- 2020 জনগণনা সম্পূর্ণ করতে আপনাকে সাহায্য করার জন্য, 59 টি অ-ইংরেজি ভাষায় ভাষা নির্দেশিকা ও ভিডিও আছে, যার মধ্যে আছে আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ ও ব্রেইল ও লার্জ প্রিন্ট। https://2020census.gov/en/languages.html
- জনগণনা প্রশ্নমালা সহায়তা কেন্দ্রগুলিতে এমন কর্মী আছেন যারা 13 টি ভাষায় সাহায্য করতে পারেন। https://2020census.gov/en/contact-us.html

**আমি একজন ইউএস সেন্সাস ব্যুরোর কর্মীকে কীভাবে সনাক্ত করব?**

- যদি একজন জনগণনা গ্রহণকারী আপনার বাড়িতে আসেন, তাহলে প্রথমে নিশ্চিত হওয়ার জন্য যাচাই করুন যে তার ছবি, ইউএস বাণিজ্য বিভাগের (Department of Commerce) একটি ওয়াটারমার্ক ও মেয়াদ অতিক্রমের তারিখ সহ একটি বৈধ আইডি ব্যাজ তার কাছে আছে।
- আপনি সেন্সাস ব্যুরোর একজন প্রতিনিধির সঙ্গে কথা বলা এবং আপনার দরজায় সেই ব্যক্তিকে সনাক্ত করার জন্য 212-882-7100 নম্বরে ফোন করতেও পারেন।
- আপনি যদি জনগণনায় নিজে সম্পূর্ণ ও সঠিকভাবে উত্তর দেন, তাহলে আপনি একজন জনগণনা গ্রহণকারীর আপনার বাড়িতে আসার সম্ভাবনা কমাতে পারেন।
- জনগণনা গ্রহণকারীদের সম্বন্ধে এবং তাদের কীভাবে সনাক্ত করা যায় সেই বিষয়ে আরও জানতে এই লিংকগুলি অনুসরণ করুন।

**এমন কোনো নির্দিষ্ট প্রশ্ন আছে কি যা জনগণনা গ্রহণকারীরা জিজ্ঞাসা করতে পারবেন না?**

- **জনগণনা গ্রহণকারীরা এই সম্বন্ধে কখনও জিজ্ঞাসা করবেন না:**
  - অভিবাসনের অবস্থা বা নাগরিকত্বের প্রশ্ন
  - আপনার ড্রাইভার'স লাইসেন্স বা স্টেট আইডি
  - আপনার সোশ্যাল সিকিওরিটি বা ITIN নম্বর
  - আপনার ব্যাংক অ্যাকাউন্ট বা ক্রেডিট কার্ড নম্বর
  - কোনো রাজনৈতিক দলের পক্ষ থেকে কোনো কিছু
  - অর্থ বা দান
- আপনি যদি মনে করেন যে কেউ আপনার সঙ্গে যোগাযোগ করেছেন এবং তারা আসল জনগণনা গ্রহণকারী নন, তাহলে অনুগ্রহ করে 1-800-566-7636 নম্বরে নিউ আমেরিকান্স অফিসের বহুভাষিক হটলাইনে (Office of New Americans) তা রিপোর্ট করুন।

**আমি যদি নথিভুক্ত না থাকি, তাহলে জনগণনা গ্রহণকারীর সঙ্গে কথা বলা কি নিরাপদ?**

- এটি কোনো সমস্যা নয়। জনগণনায় অভিবাসনের স্থিতির বিষয়ে বা নাগরিকত্ব সম্বন্ধে কোনো প্রশ্ন জিজ্ঞাসা করা হয় না।
- আপনার উত্তরগুলি অভিবাসন কর্তৃপক্ষ, পুলিশ বা অন্য কোনো আইন প্রয়োগকারী সংস্থার সঙ্গে বিনিময় করা যায় না।

**আমি কীভাবে জানব যে একজন জনগণনা গ্রহণকারী আমার তথ্য নিরাপদে রাখবেন?**

- জনগণনা গ্রহণকারীরা আপনার তথ্যকে নিরাপদে রাখবেন।
- ফেডারেল আইনের অধীনে, সেন্সাস ব্যুরোর কর্মীরা আইন অনুসারে আপনার তথ্যকে গোপনীয় রাখতে বাধ্য।
- তারা যদি শিরোনাম 13 লংঘন করেন, তাহলে তাদের 5 বছর পর্যন্ত কারাবাসের সাজা এবং $250,000 পর্যন্ত জরিমানা হতে পারে।

**জনগণনা গ্রহণকারীরা কোথা থেকে আসেন?**

- জনগণনা গ্রহণকারীরা নিউ ইয়র্কবাসী। তাদেরকে স্থানীয় জনসমাজ থেকে নিয়োগ করা হয় এবং তারা যে জনসমাজে বাস করেন বেশির ভাগ ক্ষেত্রে সেখানেই কাজ করেন। আপনার জনগণনা গ্রহণকারী হয়ত আপনার থেকে মাত্র কয়েকটা ব্লক দূরে থাকেন, বা এমনকি আপনার প্রতিবেশীও হতে পারেন।

**আমি যদি বাড়িতে না থাকি বা কর্মস্থলে থাকি, সেক্ষেত্রে আমি কীভাবে জানব যে একজন জনগণনা গ্রহণকারী আমার বাড়িতে এসেছিলেন?**

- জনগণনা গ্রহণকারীরা সাক্ষাৎ করার সময় যদি বাড়িতে কেউ না থাকে, তাহলে জনগণনা গ্রহণকারী তার সাক্ষাতের বিষয়ে একটি নোট রেখে যাবেন। কীভাবে অনলাইনে, ফোনের মাধ্যমে বা ডাকযোগে উত্তর দিতে হয় সে সম্বন্ধে তথ্য সেই নোটটিতে উল্লেখ করা থাকবে।
- আপনি কোনো জনগণনা গ্রহণকারীর নিয়োগের স্থিতি যাচাই করতে 212-882-7100 নম্বরে ফোন করতে পারেন।

**আমি যদি একজন জনগণনা গ্রহণকারীর প্রশ্নের পুরো উত্তর না দিই বা নির্দিষ্ট কিছু প্রশ্ন পুরোপুরি এড়িয়ে তাহলে কী হয়? আরেকজন জনগণনা গ্রহণকারী কি কোনো ধরনের ফলো আপ করবেন?**

- পরিবারগুলির প্রশ্নমালাটি পুরোপুরি সম্পূর্ণ করার চেষ্টা করা উচিত। কিন্তু আপনি যদি উত্তরটি না জানেন, কিংবা নির্দিষ্ট কিছু প্রশ্ন এড়িয়ে যেতে চান, তাহলে জনগণনা গ্রহণকারী সাক্ষাৎকারটি চালিয়ে যাবেন।
- কয়েকটি জিনিস নিশ্চিতভাবে প্রয়োজন: আপনার ঠিকানা, নাম, এবং আপনার পরিবারে মানুষের সংখ্যা।
- ফর্মটিকে "সম্পূর্ণ" হিসেবে বিবেচনা করার জন্য কমপক্ষে কিছু প্রশ্নের উত্তর দিতেই হবে।
- আপনি যদি এর বেশি প্রশ্নের উত্তর দেন, তাহলে কারও আপনার দরজায় টোকা দেওয়ার সম্ভাবনা কম।
- লিঙ্গ বিষয়ক প্রশ্নটি এড়ানো যায়।
- পরিবারে বসবাসকারী সব মানুষদের জন্য জনগণনা গ্রহণকারী তথ্য সংগ্রহ করবেন। তারা আপনার পরিবারে বসবাসকারী প্রত্যেক মানুষকে রিপোর্ট করতে বলবেন, এমনকি তারা যদি আপনার সাথে সম্পর্কিত না হন তাহলেও।
- পরিবারে বসবাসকারী প্রত্যেক মানুষের জন্য আপনার তথ্য দেওয়া উচিত। আপনি যদি আপনার বাড়িতে বসবাসকারী আরেকটি পরিবার সম্বন্ধে তথ্য দিতে না পারেন, তাহলে সেই অন্য পরিবারটিকেও নিজে অনলাইনে, ফোনের মাধ্যমে বা ডাকযোগে উত্তর দিতে হবে।

**আমার জনগণনা গ্রহণকারী যদি আমার মাতৃভাষায় কথা বলতে না পারেন, সেই ক্ষেত্রে আমার শিশু (18 বছরের কম বয়সী) কি অনুবাদক হিসেবে কাজ করতে পারে? নাকি আমার উত্তর সংগ্রহ করার জন্য আরেকজন জনগণনা গ্রহণকারীকে সেই ঠিকানায় ফিরে আসতে হবে?**

- হ্যাঁ, একজন শিশু তার মা-বাবার জন্য অনুবাদক হতে পারে। অনুবাদে সাহায্য করার জন্য যদি কেউ উপলব্ধ না থাকেন, এবং ভাষাগত বাধা থাকে, সেই ক্ষেত্রে জনগণনা গ্রহণকারী অন্য এমন একজন জনগণনা গ্রহণকারীর কাছে কেসটি হস্তান্তরিত করবেন যিনি সেই ভাষায় কথা বলেন।

**যে সকল মানুষ COVID-19 এর কারণে NYC এর বাইরে স্থানান্তরিত হয়েছেন, এবং তাদের মুখ্য ঠিকানা হিসেবে একটি দ্বিতীয়, NYC-বহির্ভূত ঠিকানা উল্লেখ করে তাদের জনগণনা পূরণ করেছেন, তারা কীভাবে তাদের উত্তর সংশোধন করতে পারেন এবং উল্লেখ করতে পারেন যে তারা আসলে NYC-তে বাস করেন?**

- আপনি জনগণনার যে উত্তর ইতিমধ্যেই পাঠিয়েছেন তা আপনি পরিবর্তন করতে পারবেন না। আপনি যদি একটি ভিন্ন স্থানে জনগণনা সম্পূর্ণ করে থাকেন, তাহলে আপনি সাধারণভাবে বেশির ভাগ সময় (1 এপ্রিল 2020 পর্যন্ত) যে পরিবারে কাটিয়েছেন তার জন্য আপনাকে আবারও জনগণনা সম্পূর্ণ করতে হবে।
- লোকেরা একাধিক উত্তর জমা দিতে পারেন। আপনাকে যাতে দু'বার গণনা করা না হয় তা নিশ্চিত করার জন্য সেন্সাস ব্যুরোর একটি প্রক্রিয়া আছে।
- উভয় বাসস্থানের জন্যই সেন্সাস ব্যুরোর একটি সম্পূর্ণ করা উত্তর প্রয়োজন। এই মুহূর্তে খালি আছে এমন মরসুমী বাড়িগুলিও এর অন্তর্ভুক্ত। এই প্রক্রিয়াটি আরও বিশদে ব্যাখ্যা করতে সাহায্য করার জন্য সেন্সাস ব্যুরোর একটি প্রচারপত্র আছে।

**কোনো জনগণনা গ্রহণকারী আমার বাড়িতে কতবার আসবেন? তারা কত ঘন ঘন আসবেন?**

- জনগণনা গ্রহণকারীরা কয়েকবার আপনার বাড়ি আসার চেষ্টা করবেন যখন আপনার বাড়িতে থাকার সম্ভাবনা সবচেয়ে বেশি। তাদের প্রতিটি বাসস্থানের জন্য একটি উত্তর পাওয়া প্রয়োজন।
- একটি পরিবার জনগণনা সম্পূর্ণ করার পরে, তাদের কাছে প্রয়োজনীয় সব তথ্য আছে তা নিশ্চিত করার জন্য তারা অতিরিক্ত সাক্ষাৎ করতে পারেন।
- সাক্ষাৎগুলি রাতে ও সাপ্তাহিক ছুটির দিনে হতে পারে।

**আমি যদি জনগণনা গ্রহণকারীর কোনো অনুরোধেই সাড়া না দিই তাহলে কী হবে? সেন্সাস ব্যুরো কি তবুও আমার তথ্য পেতে সক্ষম হবে?**

- জনগণনা গ্রহণকারীরা অন্য মানুষদের থেকে (যেমন আপনার প্রতিবেশী) তথ্য পেতে সক্ষম হতে পারেন, কিন্তু এটা তাদের শেষ উপায় এবং এটা সাধারণভাবে কম সঠিক হয়।
    - অনুমান করা হয় যে এই প্রক্রিয়া চলাকালীন 15 শতাংশ জনসংখ্যা "অদৃশ্য" হয়ে যায়, যাকে ইম্পিউটেশন বলা হয়। তার মানে হল জনগণনাটি যদি যথাযথভাবে সম্পূর্ণ করা না হয়, তাহলে আপনার দাদু বা আপনার শিশু যে অর্থায়ন পাওয়ার যোগ্য, তা আপনার পাড়ায় নাও আসতে পারে। মনে রাখবেন যে স্কুল, হাসপাতাল ও সিনিয়র সেন্টারগুলির জন্য $1.5 ট্রিলিয়ন ডলার রাষ্ট্রীয় তহবিল জনগণনার মাধ্যমে নির্ধারণ করা হয়।
- এছাড়াও, যে সব পরিবার উত্তর দেয় না তাদের জন্য সেন্সাস ব্যুরোকে অন্যান্য বিদ্যমান সরকারি রেকর্ড ব্যবহার করতে হতে পারে।

**আমি কি দরজার মধ্যে দিয়ে জনগণনা গ্রহণকারীর সঙ্গে কথা বলতে পারি?**

- আপনি এটা করতে পারেন, তবে আপনি দরজাটা সামান্য খুলে রাখতে পারেন যাতে আপনি আপনার তথ্য খুব জোরে না বিনিময় করেন। জনগণনা গ্রহণকারীদের কাছে পরিচয়পত্র থাকবে এবং তারা মাস্ক পরে থাকবেন।
- আপনি বাইরে সহ, ভিন্ন কোনো স্থানে সাক্ষাৎকারটি করার জন্যও বলতে পারেন।
- রিমাইন্ডার হিসেবে, আপনি অনলাইনে বা ফোনের মাধ্যমেও আপনার জনগণনা ফর্ম সম্পূর্ণ করতে পারেন।

**জনগণনা গ্রহণকারীরা আসার আগে, সেন্সাস ব্যুরো কি আমার সম্পত্তির ম্যানেজারের সঙ্গে যোগাযোগ করবে?**

- এটা যখন সম্ভব হবে, তখন জনগণনা গ্রহণকারীরা সাক্ষাৎকার পরিচালনা করার আগে অথবা সেই সময়ে সম্পত্তির ম্যানেজারের সঙ্গে যোগাযোগ করবেন। তারা যাতে প্রতিটি পরিবারের কাছে পৌঁছানো নিশ্চিত করতে পারেন সেই জন্য এটা করা হয়।

**একটি বিল্ডিং-এ কি একাধিক জনগণনা গ্রহণকারীকে পাঠানো হবে?**

- হ্যাঁ।

**আমার দারোয়ান জনগণনা গ্রহণকারীকে প্রবেশ করতে দেওয়ার জন্য কীভাবে তাদেরকে চিনবেন?**

- জনগণনার সব কর্মী বৈধ জনগণনার পরিচয়পত্র পরে থাকেন।

**বেসমেন্ট অ্যাপার্টমেন্টগুলির ক্ষেত্রে কী হবে? জনগণনা গ্রহণকারীরা কীভাবে জানবেন যে সেখানে কীভাবে পৌঁছানো যায়, বিশেষ করে বেআইনিভাবে উপবিভক্ত ইউনিটগুলিতে?**

- জনগণনা গ্রহণকারীরা প্রতিটি ঠিকানায় সম্ভাব্য সকল বাসস্থান খুঁজে বের করার জন্য প্রশিক্ষণপ্রাপ্ত। কোনো অ্যাপার্টমেন্ট আইনসম্মত কিনা, কে লীজে আছেন, বা অন্য কিছু গুরুত্বপূর্ণ নয় - সেখানে মানুষ বসবাস করেন কিনা শুধু সেটাই গুরুত্বপূর্ণ।

**জনগণনা গ্রহণকারীরা কি আমার বিল্ডিং-এর নিয়মাবলী অনুসরণ করবেন? আমার বিল্ডিং-এর নিয়ম অনুযায়ী জনগণনা গ্রহণকারীদের লবিতে বা একটি সাধারণ এলাকায় মানুষের সঙ্গে দেখা করতে হতে পারে, এবং জনগণনা গ্রহণকারীদের পুরো বিল্ডিং জুড়ে অবাধে ঘোরাফেরা করার অনুমতি নাও দেওয়া হতে পারে।**

- জনগণনা গ্রহণকারীরা স্টেটের ও স্থানীয় স্বাস্থ্য নির্দেশনা অনুসরণ করবেন। জনগণনা গ্রহণকারীরা সবসময় একটি মাস্ক পরে থাকবেন। তারা বিল্ডিং-এর প্রচলিত নিয়মগুলি অনুসরণ করার জন্য সর্বোত্তম প্রচেষ্টা করবেন।

**NYCHA জনগণনা গ্রহণকারীদের কীভাবে সামলানোর পরিকল্পনা করছে? NYCHA সম্পত্তির ম্যানেজার, ভাড়াটেদের নেতৃত্বকারী ও ভাড়াটেদের কী নির্দেশনা প্রদান করছে?**

- NYCHA নিশ্চিত করছে যে 2020 জনগণনার সাথে সহযোগিতা করার জন্য প্রয়োজনীয় তথ্য প্রত্যেকের কাছে আছে। নারফু-এর সময়কাল, তাদের কী করতে হবে, সেন্সাস ব্যুরো COVID-19 এর সময়কালে কীভাবে নিরাপত্তা নিশ্চিত করছে এবং কীভাবে জালিয়াতি এড়ানো যায়, সে সম্বন্ধে সম্পত্তির ম্যানেজার, ভাড়াটেদের নেতৃত্বকারী ও ভাড়াটেদের অবহিত করা হচ্ছে।
- কীভাবে অনলাইনে বা ফোনের মাধ্যমে জনগণনা সম্পূর্ণ করা যায় সেই বিষয়ে টাচ-ইন, সকল পরিবারকে একটি চিঠি পাঠানো, নিউজলেটার, সোশ্যাল মিডিয়া এবং ভাড়াটেদের নেতৃত্বকারীর মাধ্যমে প্রচারের দ্বারা NYCHA 2019 এর শরৎকাল থেকে ভাড়াটেদের শিক্ষা দেওয়া শুরু করেছে। NYCHA COVID-19 বিশ্বব্যাপী মহামারীর পরিপ্রেক্ষিতে 2020 জনগণনায় অংশগ্রহণ করার সবচেয়ে নিরাপদ উপায় হিসেবে তা অনলাইনে সম্পূর্ণ করতে উৎসাহিত করে চলবে।

**জনগণনা গ্রহণকারীদের ব্যাজ দেখতে কেমন হয় তার একটি ছবি কি আপনি শিক্ষামূলক উদ্দেশ্যে প্রদান করতে পারেন?**

- সেন্সাস ব্যুরো সুরক্ষাগত উদ্বেগের কারণে বাইরের গ্রুপগুলির সঙ্গে এই ধরনের ছবি আদানপ্রদান করে না।
- তবে জনগণনা গ্রহণকারীরাদের সঙ্গে পরিচয়পত্র থাকবে যাতে তাদের নাম, ছবি, বাণিজ্য বিভাগের (Department of Commerce) এর ওয়াটারমার্ক এবং একটি মেয়াদ অতিক্রমের তারিখ থাকবে।
- তারা আধিকারিক জনগণনা গ্রহণকারী কিনা তা যাচাই করার জন্য আপনি 212-882-7100 নম্বরেও ফোন করতে পারেন।

**দরজায় আগত কোনো ব্যক্তি এলে একজন জনগণনা গ্রহণকারী তা যাচাই করার জন্য নিউ ইয়র্কবাসীদের কোন ফোন নম্বরে কল করা উচিত?**

- প্রথমে যাচাই করুন এবং দেখুন যে তারা বৈধ জনগণনার পরিচয়পত্র পরে আছেন কিনা। তারপরে তারা আধিকারিক জনগণনা গ্রহণকারী কিনা তা যাচাই করার জন্য 212-882-7100 নম্বরে ফোন করুন।

**গৃহহীনতার শিকার হওয়া যে সব মানুষ আশ্রয়ের বাইরে বাস করেন তাদের গণনা করা হবে কি? এই তথ্যপত্র অনুযায়ী এটা কি 22 সেপ্টেম্বরে শুরু হবে?**

- এর জন্য সেন্সাস ব্যুরোর একটি বিশেষ কর্মপরিচালনা আছে। এটা 22 সেপ্টেম্বর থেকে 24 সেপ্টেম্বর পর্যন্ত হয়।

**জনগণনা গ্রহণকারীদের দ্বারা সংগ্রহ করা সমীক্ষার উত্তরগুলি কি জনগণনা গ্রহণকারীরা জড়িত থাকা সত্ত্বেও NYC-এর "নিজে উত্তর দেওয়া" হারের মধ্যে গণ্য হবে?**

- জনগণনা গ্রহণকারীদের দ্বারা সংগ্রহ করা উত্তরগুলি NYC-এর জনসংখ্যা গণনায় গণ্য হবে, কিন্তু নিজে উত্তর দেওয়ার হারের মধ্যে গণ্য হবে না।

**জনগণনা গ্রহণকারীরা যদি কোনো পরিবারের সঙ্গে যোগাযোগ করতে না পারেন সেই ক্ষেত্রে তারা যে নোট রেখে আসবেন তার একটা প্রতিলিপি কি আপনি আমাকে প্রদান করতে পারেন?**

- অনুগ্রহ করে এখানে সাক্ষাতের বিজ্ঞপ্তির একটি নমুনা দেখুন।

**বেশির ভাগ জনগণনা গ্রহণকারী কি নিউ ইয়র্ক সিটির বাসিন্দা হবেন?**

- হ্যাঁ, NYC-তে কর্মরত বেশির ভাগ জনগণনা গ্রহণকারী NYC-তে বসবাস করেন।